

নেপোলিয়ন-জোসেফিনের সেই চুক্তিনামা

সম্রাট নেপোলিয়ন বোনাপার্ট এবং প্রথম স্ত্রী জোসেফিনের মধ্যকার চুক্তিনামায় লেখা ছিল, বিয়ে হলেও কেউ কারো সম্পত্তির মালিকানা দাবি করতে পারবে না। যার যার সম্পত্তি তার তার। ১৭৯৬ সালের ৮ মার্চ এই চুক্তিনামা স্বাক্ষরিত হয়। এর পরদিন তাদের বিয়ে হয়। কিন্তু বিয়ে স্থায়ী হয়নি। নেপোলিয়ন ও জোসেফিন উভয়েই নিজস্ব সম্পত্তি নিয়ে উদ্বিগ্ন ছিলেন। কিন্তু শেষ রক্ষা হয়নি, শেষ পর্যন্ত উভয়েই তাদের সম্পদ ভাগ করতে হয়েছিল। ২১ সেপ্টেম্বর তাদের সেই চুক্তিনামাটি নিলামে উঠতে যাচ্ছে। প্যারিসের ওসেনেট এই নিলামের আয়োজন করেছে। ধারণা করা হচ্ছে, এটি কমপক্ষে দেড় কোটি টাকায় বিক্রি করা যাবে।



দক্ষিণ ভারতীয় নুহের জাহাজ!



নুহের জাহাজ খোঁজা হচ্ছে। বিশ্বের বিখ্যাত সব গবেষণা প্রতিষ্ঠান ও প্রত্নতাত্ত্বিক জাহাজটির সন্ধান রাত-দিন এক করে ফেলেছেন। ওদিকে ভারতের কোরলায় একটি দল ৪ হাজার বছর আগের ব্যাবিলনীয় সভ্যতার একটি নকশা অবলম্বনে একটি আস্ত নুহের জাহাজের রেপ্লিকা তৈরি করে ফেলেছে। এটি তৈরি করতে স্থানীয় ঐতিহ্যবাহী জিনিসপত্র ও উপাদান ব্যবহার করা হয়েছে। এটি তৈরি করতে ৪ মাস সময় লেগেছে। এই জাহাজটিকে নিয়ে একটি ডকুমেন্টারি গত ১৪ সেপ্টেম্বর ব্রিটেনের চ্যানেল ফোরে প্রচারিত হয়েছে।

যুদ্ধজয়ের মানচিত্র নিলামে

বিশ্বখ্যাত ব্রিটিশ সেনা কমান্ডার টমাস এডওয়ার্ড লরেন্সের হাতে আঁকা একটি মানচিত্র নিলামে তোলার আয়োজন করেছে লন্ডনের নিলাম প্রতিষ্ঠান সুদবিস। হলুদ রঙের একটি সাধারণ কাগজে আঁকা উত্তর আরবের এই মানচিত্রটি কমপক্ষে ১ কোটি ২৫ লাখ ৬৬ হাজার টাকায় বিক্রি করা যাবে বলে আশা করা হচ্ছে। লরেন্স ১৯১৮ থেকে ১৯২২ সালের মধ্যে কোনো এক সময় মানচিত্রটি এঁকেছিলেন। এ সময় তিনি অটোমান সাম্রাজ্যের বিরুদ্ধে এবং আরব বিদ্রোহের পক্ষে কাজ করছিলেন। বলা হয়ে থাকে, এই মানচিত্রটি তখন অটোমানদের বিরুদ্ধে যুদ্ধজয়ে লরেন্স এবং আরবীদের সাহায্য করেছিল। ১৯৬২ সাল থেকে এটি লন্ডনের রয়াল সোসাইটি অব এশিয়ান অ্যাফেয়ার্সের কাছে আছে।



ওবামাকে আশা করেনি মেডিসন

যুক্তরাষ্ট্রের টুইন টাওয়ার হামলার ১৩তম বার্ষিকী উপলক্ষে গত ১১ সেপ্টেম্বর ওয়াশিংটনের ইস্পায়াড টিচিং স্কুল পরিদর্শন করেন মার্কিন প্রেসিডেন্ট ওবামা ও ফার্স্ট লেডি মিশেল ওবামা। তারা শিক্ষার্থীদের মধ্যে বিভিন্ন উপহার বিতরণ করেন। স্কুলের ষষ্ঠ গ্রেডের ছাত্রী মেডিসন কোথা থেকে যেন শুনেছে তার প্রিয় সংগীতশিল্পী বিয়সেও আসছেন। কিন্তু উপহার নিতে গিয়ে সে দেখল




বিয়সে নেই। আসার কথাও ছিল না। মুখ ফুটে সে সাংবাদিকদের সামনে বলেই ফেলে, 'আমি ভেবেছিলাম বিয়সে আসবেন।' ওবামাসহ সবাই এ কথায় হাসলেন। ওবামা মেডিসনের সংসাহসকে বাহবা জানিয়ে বলেন, 'আমার মেয়ে মালিয়া ও সাশাও তোমার মতোই বিয়সেকে আশা করত।'

ঘরের কাজে বোরিস

ব্রিটেনের বার্মিংহাম বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক 'বোরিস' নামের এমন এক করিডকর্মা রোবট তৈরি করার কাজে হাত দিয়েছে, যা থালা-বাসন ও কাপ শুধু ভালোভাবে ধরতেই পারে না, দক্ষ কর্মীর মতো সেগুলোকে

ধুতেও পারে। তার সামনে বিভিন্ন জিনিস রাখা হলে সে বুঝতে পারে কোনটিকে কীভাবে ধরতে হয়, কীভাবে ওঠাতে হয়। তার মোটা একাধিক জয়েন্ট



বিশিষ্ট হাত বেশ ভারী জিনিসও সহজে তুলতে পারে। এটি তৈরি করতে ব্যয় হবে প্রায় ৪ কোটি ৪ লাখ ৫৭ হাজার টাকা। গত ১১ সেপ্টেম্বর বার্মিংহামে অনুষ্ঠিত ব্রিটিশ সায়েন্স ফেস্টিভ্যালের মাধ্যমে প্রথমবারের মতো বোরিস জনসম্মুখে আসে।

—সুদীপ্ত সালাম